Mayor's Office of Immigrant Affairs | Small Business Services
Office of Street Vendor Services

# নিউ ইয়র্ক সিটিতে একজন রাস্তার বিক্রেতা হিসেবে আইন প্রয়োগকারী সংস্থার মুখোমুখি হলে আপনার অধিকার সম্পর্কে জানুন

## সারসংক্ষেপ

নিউ ইয়র্ক সিটিতে একজন রাস্তার বিক্রেতা হিসেবে, আপনার কর্মস্থল সাধারণত কোনো ভবনের ভেতরে নয়, বরং রাস্তা, ফুটপাত, পার্ক বা প্লাজার মতো খোলা ও জনগণের জন্য উন্মুক্ত স্থানে হয়ে থাকে। এর অর্থ হলো, ভবনের ভেতরে ব্যবসা পরিচালনাকারীদের তুলনায় আপনি হয়তো বেশি মাত্রায় বিভিন্ন ধরনের আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের মুখোমুখি হতে পারেন।

আপনি যেসব আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার মুখোমুখি হতে পারেন নিচে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো; পাশাপাশি প্রতিটি ক্ষেত্রে আপনার অধিকার ও করণীয় সম্পর্কেও এখানে উল্লেখ করা হয়েছে। আরও তথ্যের জন্য nyc.gov/streetvendor -এই ওয়েবসাইটটি দেখুন।

## আইন প্রয়োগকারী সংস্থা

### নিউ ইয়র্ক সিটি পরিচ্ছন্নতা বিভাগ (DSNY)








নিউ ইয়র্ক সিটিতে রাস্তার বিক্রেতা-সংক্রান্ত আইনগুলো কার্যকর করার মূল দায়িত্ব পালন করে সরকারি সংস্থা নিউ ইয়র্ক সিটি পরিচ্ছন্নতা বিভাগ (New York City Department of Sanitation, DSNY)-এর পুলিশ। রাস্তার বিক্রেতাদের আইন ও প্রয়োজনীয় শর্তাবলি সম্পর্কে বিস্তারিত জানতে nyc.gov/streetvendor ওয়েবসাইটটি দেখুন।

### নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (NYPD)








নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ (New York City Police Department, NYPD) হলো নিউ ইয়র্ক সিটির প্রধান স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা এবং তারাও রাস্তার বিক্রেতাদের ক্ষেত্রে আইন প্রয়োগ কার্যক্রম পরিচালনা করতে পারেন।

DSNY ও NYPD ছাড়াও, রাস্তার বিক্রেতারা ব্যবসা পরিচালনার সময় জনস্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য সুরক্ষা বিভাগ (NYC Department of Health, DOHMH), উদ্যান বিভাগ (Parks Department) বা ভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP)-এর বেসামরিক পরিদর্শকদের মুখোমুখিও হতে পারেন।

DSNY-এর কোনো কর্মকর্তা অথবা DOHMH, উদ্যান বিভাগ বা DCWP-এর কোনো পরিদর্শকের বিরুদ্ধে অভিযোগ জানাতে, তদন্ত বিভাগ (Department of Investigations, DOI)-এর সাথে 212-825-5900 নম্বরে ফোন করে অথবা nyc.gov/site/doi-এই ওয়েবসাইটে গিয়ে অনলাইনে যোগাযোগ করুন।

NYPD-র কোনো কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ জানাতে, বেসামরিক অভিযোগ পর্যালোচনা বোর্ড (Civilian Complaint Review Board, CCRB)-এর সাথে 800-341-2272 নম্বরে ফোন করে অথবা nyc.gov/site/ccrb/- এই ওয়েবসাইটে গিয়ে অনলাইনে যোগাযোগ করুন।

# DSNY বা NYPD-র কর্মকর্তারা আপনার কাছে এলে আপনার যা জানা প্রয়োজন

## আপনার অধিকারসমূহ

- পুলিশসহ সিটি সরকারের কর্মীরা অভিবাসন-সংক্রান্ত আইন প্রয়োগের কাজে সহায়তা করার জন্য সরকারি কাজের কর্মঘণ্টা বা সম্পদ ব্যবহার করতে পারবেন না। কোনো অনুমতির জন্য আবেদন করার সময় কিংবা রাস্তার বিক্রেতা-সংক্রান্ত আইন প্রয়োগের সময় তাঁরা আপনার অভিবাসন-সংক্রান্ত মর্যাদা সম্পর্কে কোনো প্রশ্ন করেন না। নিউ ইয়র্ক সিটিতে গোপনীয়তা বিষয়ক আইনও রয়েছে, যা আপনার ব্যক্তিগত তথ্য আদান-প্রদানের বিষয়টিকে নিয়ন্ত্রণ করে।
- আপনার অভিবাসন-সংক্রান্ত মর্যাদা নিয়ে কোনো প্রশ্নের উত্তর দেওয়া আপনার জন্য বাধ্যতামূলক নয়।
- কর্মকর্তাদের ব্যাজ বা পোশাকে থাকা অক্ষর বা প্রতীক দেখে আপনি শনাক্ত করতে পারবেন যে তাঁরা কোন সংস্থার সাথে যুক্ত।
  - » NYPD কর্মকর্তাদের কাছে নাম, ব্যাজ নম্বর এবং সংস্থার নাম জানতে চাওয়া হলে তা প্রদান করা বাধ্যতামূলক।
  - » DSNY কর্মকর্তাদের কাছে নাম, ব্যাজ নম্বর এবং বিজনেস কার্ড চাওয়া হলে তা প্রদান করা বাধ্যতামূলক। যদি কোনো DSNY কর্মকর্তার কাছে দেওয়ার মতো বিজনেস কার্ড না থাকে, তবে সংশ্লিষ্ট ব্যক্তিকে তাদের তথ্য লিখে নেওয়ার সুযোগ দিতে হবে।
- আপনার বিরুদ্ধে কোনো সমন জারি করা হলে আপনি কর্মকর্তাদের কাছে তার একটি কপি চাইতে পারেন। কর্মকর্তারা আপনাকে সেই সমনের একটি কপি দিতে বাধ্য।
- কর্মকর্তারা ঠিক কী ধরনের নিয়ম লঙ্ঘন বা বিধিভঙ্গ হতে দেখেছেন, তা আপনি তাঁদের কাছে জানতে চাইতে পারেন।
- nyc.gov/bizrights এই ওয়েবসাইটটি থেকে ব্যবসায়ীদের অধিকার-সংক্রান্ত সনদ (Business Owner Bill of Rights) সম্পর্কে জেনে নিন।

## আপনার দায়িত্বসমূহ

- রাস্তায় পণ্য বা খাবার বিক্রির ব্যবসা পরিচালনার সময়, প্রত্যেক বিক্রেতার জন্য আইন অনুযায়ী তাদের ভ্রাম্যমাণ খাদ্য বিক্রেতার লাইসেন্স বা সাধারণ বিক্রেতার লাইসেন্স দৃশ্যমানভাবে পরিধান করা বাধ্যতামূলক।
- কোনো পুলিশ কর্মকর্তা, স্বাস্থ্য পরিদর্শক কিংবা সিটি সরকারের অন্য কোনো অনুমোদিত কর্মকর্তা বা কর্মচারী আপনার বিক্রেতা লাইসেন্স দেখতে চাইলে আপনাকে অবশ্যই তা দেখাতে হবে।
- যদি আপনার বিক্রেতা লাইসেন্স দৃশ্যমান না থাকে অথবা কোনো কর্মকর্তা পরিচয়পত্র (ID) দেখতে চাইলে আপনি তা দেখাতে ব্যর্থ হন, তবে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার দ্বারা জরিমানা, আইন লঙ্ঘনের দায়ে ব্যবস্থা গ্রহণ বা আটকের মতো ঘটনা ঘটতে পারে। গ্রহণযোগ্য পরিচয়পত্রের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক রাজ্যের ড্রাইভিং লাইসেন্স অথবা IDNYC।
- রাস্তায় পণ্য বা খাবার বিক্রেতা বিষয়ক আইন ও শর্তাবলি সম্পর্কে ভালোভাবে জেনে নিয়ে এমন সব কার্যকলাপ থেকে বিরত থাকুন যা আপনাকে আইনি বা ফৌজদারি জটিলতায় ফেলতে পারে।

## ICE কী?





অভিবাসন ও শুল্ক আইন প্রয়োগকারী সংস্থা (Immigration and Customs Enforcement, ICE) হলো একটি ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থা যা অভিবাসন-সংক্রান্ত আইন বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত। ICE-এর কর্মকর্তারা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাদের মতো নন; তাই ICE কর্মকর্তাদের মুখোমুখি হওয়ার সময় আপনার অধিকারগুলো নির্ভর করবে সেই মুহূর্তে আপনি ঠিক কোথায় অবস্থান করছেন তার ওপর।

**ICE-এর সাথে যেকোনো ধরনের যোগাযোগের সময় আপনার সবসময়ই নীরব থাকার অধিকার রয়েছে। আপনি আপনার জিনিসপত্র তল্লাশির অনুমতি দিতে অস্বীকার করতে পারেন এবং বলতে পারেন, "I do not consent to a search"(আমি তল্লাশির অনুমতি দিচ্ছি না।)**










জনগণের জন্য উন্মুক্ত স্থানে আইনত উপস্থিত থাকার সময়, ICE-এর সাথে আপনার কথোপকথন বা কার্যকলাপ রেকর্ড করার অধিকার আপনার রয়েছে—তবে শর্ত থাকে যে, আপনি কর্মকর্তাদের কাজে কোনো শারীরিক বাধা সৃষ্টি করবেন না কিংবা আইন প্রয়োগকারী সংস্থার বৈধ কার্যক্রমে কোনো ব্যাঘাত ঘটাবেন না।


রেকর্ডিং শুরু করাটা আপনার জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে। অন্যরাও ICE-এর সাথে আপনার কথোপকথন রেকর্ড করতে পারেন, যদি না তারা কর্মকর্তাদের কাজে বাধা দেন বা আইন প্রয়োগকারী সংস্থার বৈধ কার্যক্রমে ব্যাঘাত ঘটান। আপনি নিউ ইয়র্ক রাজ্য অ্যাটর্নি জেনারেলের কাছে ag.ny.gov/federal-actions-form এই লিংকের মাধ্যমে ICE-এর উপস্থিতির বিষয়ে রিপোর্ট করতে পারেন।

# ICE-এর মুখোমুখি হলে আপনার অধিকারগুলো জেনে নিন

## জনগণের জন্য উন্মুক্ত কোনো স্থানে (ফুটপাত, রাস্তা, পার্ক)

রাস্তার পাশে যেসকল বিক্রেতা সাধারণত জনগণের জন্য উন্মুক্ত স্থানে-যেমন রাস্তা, ফুটপাত, প্লাজা এবং বিভিন্ন জনচত্বরে পণ্য বিক্রি করে, তারা ICE-এর মুখোমুখি হলে কী করবেন তা জেনে নিন।

**ICE কোনো পরোয়ানা ছাড়াই জনগণের জন্য উন্মুক্ত কোনো স্থানে প্রবেশ করতে পারে এবং অবাধে আপনার কাছে যেতে পারে।** তারপরও, আপনার কিছু অধিকার আছে। আপনাকে তাদের প্রশ্নের উত্তর দিতে হবে না। আপনার নীরব থাকার অধিকার আছে।



যদি ICE আপনার সাথে কথা বলা শুরু করে:

- আপনি জিজ্ঞাসা করতে পারেন: **"Am I free to leave?"** (আমি কি চলে যেতে পারি?)
  - যদি তারা হ্যাঁ বলে, আপনি ধীরে ধীরে এবং শান্তভাবে হেঁটে চলে যেতে পারেন।
  - তবে, যদি ICE কর্মকর্তারা প্রশ্ন করতে থাকে, আপনি বলতে পারেন: **"I choose to remain silent."** (আমি চুপ থাকতে চাই।)
  - যদি তারা না বলে, আপনি যেতে পারবেন না:
  - আপনি বলতে পারেন, , **"I want to exercise my right to remain silent."** (আমি চুপ থাকার অধিকার প্রয়োগ করতে চাই।)
  - আপনি বলতে পারেন, **"I would like to speak to an immigration attorney."** (আমি একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলতে চাই।)
  - আপনি বলতে পারেন, **"I do not wish to sign anything."** (আমি কোনো কিছুতে স্বাক্ষর করতে চাই না।)
  - যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয়, আপনি বলতে পারেন, , **"I need an interpreter."** (আমার একজন দোভাষী প্রয়োজন।)
  - আপনার আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে শারীরিক সংঘর্ষে জড়ানো এড়িয়ে চলা উচিত।

### **ব্যক্তিগত স্থানে (যেমন—বিরতির কক্ষ, স্টোরেজ রুম এবং/অথবা রেস্তোরাঁর রান্নাঘরের ভেতরে)**

ICE কোনো ধরনের পরোয়ানা ছাড়াই যেকোনো কর্মক্ষেত্রের জনগণের জন্য উন্মুক্ত স্থানে প্রবেশ করতে পারে। এর আওতায় সুপারমার্কেট, খুচরা বিক্রয়কেন্দ্র এবং রেস্তোরাঁর খাবার খাওয়ার এলাকাও অন্তর্ভুক্ত।




তবে, মালিকের অনুমতি বা বিচারিক পরোয়ানা না থাকলে ICE কর্মকর্তা আইনত কোনও কর্মক্ষেত্রের ব্যক্তিগত এলাকায় প্রবেশ করতে পারে না। এর মধ্যে রয়েছে ব্রেক রুম, স্টোরেজ রুম এবং রেস্তোরাঁর রান্নাঘর।


যদি ICE কোনো ব্যক্তিগত বা সংরক্ষিত এলাকায় আসে, তবে:

- আপনাকে দরজা খুলতে হবে না, যদি না কোনো ICE কর্মকর্তা বিচারিক পরোয়ানা দেখায় অথবা মালিকের অনুমতি নিয়ে সেই জায়গায় প্রবেশ করে।
- আপনার নীরব থাকার অধিকার আছে।
- আপনি ICE-এর কাছে তাদের পরিচয়পত্র (ID) এবং/অথবা বিচারিক পরোয়ানা চাইতে পারেন, এবং যদি তারা বলে যে তাদের কাছে পরোয়ানা আছে, তবে আপনি তাদেরকে সেটি দরজার নিচ দিয়ে ভেতরে দিতে বলতে পারেন। যদি নথিটিতে কোনো বিচারকের স্বাক্ষর থাকে, তবে আপনাকে তা মেনে চলতে হবে।
- যদি তারা বলে যে তাদের কাছে পরোয়ানা নেই, তবে আপনাকে তাদের ভেতরে ঢুকতে দিতে হবে না। আপনি বলতে পারেন, **"I do not want to speak with you."** (আমি আপনার সাথে কথা বলতে চাই না।)
- যদি ICE আপনাকে তল্লাশি করার চেষ্টা করে, আপনি বলতে পারেন, **"I do not consent to a search."** (আমি তল্লাশিতে সম্মতি দিচ্ছি না।)

## রাস্তায় পণ্য বিক্রেতাদের করণীয়

- সবসময় আপনার সঙ্গে বৈধ পরিচয়পত্র (যেমন—নিউ ইয়র্ক রাজ্যের ড্রাইভিং লাইসেন্স বা IDNYC) রাখতে হবে। nyc.gov/idnyc এই ওয়েবসাইটে গিয়ে আপনি IDNYC সংগ্রহ করতে পারেন।
- আপনার বিক্রেতার লাইসেন্সটি সাথে রাখুন এবং এমনভাবে পরিধান করুন যেন তা স্পষ্টভাবে দেখা যায়।
- আপনার পাওয়া সমন বা টিকিটের সমস্ত নথিপত্র এবং অর্থ পরিশোধের প্রমাণপত্র একটি নিরাপদ ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।
- আপনি যদি পণ্য বিক্রেতা হন, তবে বিক্রির উদ্দেশ্যে রাখা সমস্ত পণ্যের রসিদ বা ক্রয়-বিক্রয়ের প্রমাণপত্র আপনার সাথে রাখা উচিত।
- যদি আপনি কোনো ফৌজদারি মামলার সমন পান, তবে আপনাকে আদালতে হাজিরা দিতে হতে পারে। যথাসময়ে উপস্থিত হোন এবং আইনজীবী অন্য কোনো নির্দেশনা না দিলে সশরীরে আদালতে হাজিরা দিন। আদালতের নির্ধারিত তারিখে উপস্থিত না হলে আপনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হতে পারে।




## আমাদের সঙ্গে যুক্ত থাকুন

- অভিবাসন-সংক্রান্ত আইনি সহায়তা প্রয়োজন? নিউ ইয়র্ক সিটি অভিবাসন বিষয়ক আইনি সহায়তা হটলাইন (Immigration Legal Support Hotline)-এ ফোন করুন এই নম্বরে: **800-354-0365**
- রাস্তার বিক্রেতাদের জন্য ব্যবসায়িক সহায়তা প্রয়োজন? ফোন করুন এই নম্বরে- **888-SBS-4NYC (888-727-4692)**
- সিটি সরকারের অন্যান্য পরিষেবা সম্পর্কে কোনো প্রশ্ন আছে? অভিবাসন মর্যাদা নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসীর জন্য রয়েছে অনেক পরিষেবা। সহায়তা পেতে **311** নম্বরে ফোন করুন।

এই ফোন নম্বরগুলো বিনামূল্যে ও গোপনীয়তা বজায় রেখে সেবা প্রদান করে, আপনার নিজের ভাষায় কথা বলার সুযোগ দেয় এবং এগুলো নিউ ইয়র্ক সিটি কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত।